গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

**শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আবু তাহের মো: মাসুদ রানা<br>মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| তারিখ | : | ২২ ডিসেম্বর, ২০২২ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | ইনস্টিটিউটের সম্মেলন কক্ষ |
| উপস্থিত অংশগ্রহণকারীগণের তালিকা | : | পরিশিষ্ট “ক” |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি ইনস্টিটিউটের সকল শাখার সার্বিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে অবগত হন। ইনস্টিটিউটের সকল কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পন্ন করার প্রতি তিনি গুরুত্বারোপ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | নভেম্বর-২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী বিষয়ে কোন সংযোজন/সংশোধন প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | কোনরুপ সংযোজন/সংশোধনী প্রস্তাব না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | - |
| ০২ | ইনস্টিটিউটে প্রতি মাসে নিয়মিতভাবে সমন্বয় সভা আয়োজন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রতি মাসে প্রথম সপ্তাহের ০৪ তারিখ (সরকারী ছুটি থাকলে পরবর্তী কর্মদিবসে) সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৩ | মাসিক সমন্বয় সভার কার্যপত্র প্রস্তুতের লক্ষ্যে সকল শাখা হতে তথ্য সংগ্রহ করত কার্যপত্র প্রণয়ন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রতি মাসের ৩ তারিখের মধ্যে সকল শাখা হতে বিবেচ্য মাসের (সর্বশেষ মাসের) পত্র নিস্পত্তি, পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ও পরিদর্শন সংক্রান্ত তথ্য সংগ্রহপূর্বক প্রস্তুতকৃত কার্যপত্র সভায় উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৪ | শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের শাখা ভিত্তিক সকল পত্র প্রাপ্তি ও নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। | জরুরী পত্রের ক্ষেত্রে প্রাপ্তি মাত্র এবং অন্যান্য পত্রের ক্ষেত্রে প্রাপ্তির ৩ দিনের মধ্যে নথিতে উপস্থাপন নিশ্চিত করতে হবে। | সহকারী পরিচালক (সকল শাখা) |
| ০৫ | প্রশিক্ষণার্থীদের আবাসনসহ অন্যান্য সকল সুবিধা নিশ্চিত করে প্রশিক্ষণ শুরু করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রশিক্ষণ সংক্রান্ত সকল সুযোগ-সুবিধা নিশ্চিত করে প্রশিক্ষণ শুরু করতে হবে। | উপপরিচালক(প্রশিক্ষণ ও মূল্যায়ন) |
| ০৬ | ইনস্টিটিউটের এপিএ এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়। | ১। এপিএ এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>২। এপিএ সংক্রান্ত সকল মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/ উপপরিচালক(প্রশিক্ষণ ও মূল্যায়ন)/ সহকারী পরিচালক (সকল শাখা)<br>২। উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৭ | ইনস্টিটিউটের ওয়েব সাইট নিয়মিত হালনাগাদ করার জন্য কর্মকর্তা ও কর্মচারী নিয়োজিতকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। ইনস্টিটিউটের ওয়েব সাইট নিয়মিতভাবে হালনাগাদ করার জন্য সুনির্দিষ্টভাবে কর্মকর্তা ও কর্মচারীকে নিয়োজিত করতে হবে। | ১। জনাব হরি শংকর ভৌমিক, ফিজিক্যাল ইন্সট্রাক্টর। |

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | | ২। জনাব অভিজিত কুমার মজুমদার, পিএ টু ডিজি।<br>৩। জনাব মোহাম্মদ বদিউল আলম, কম্পিউটার অপারেটর।<br>৪। জনাব মোহাম্মদ কামাল হোসেন, কম্পিউটার অপারেটর। |
| ০৮ | প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আবেদন দাখিল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য ইতোপূর্বে তৈরীকৃত ওয়েব-সাইট www.shniydadmission.gov.bd এর ব্যবহার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | নতুন তৈরীকৃত ওয়েব-সাইটের লিংক মূল ওয়েব সাইটে প্রদান এবং প্রশিক্ষণ কার্যক্রমে এর ব্যবহার নিশ্চিত করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)) |
| ০৯ | ইনস্টিটিউটে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীর অফিসে সময় মতো আগমন এবং অফিস চলাকালীন অবস্থান নিশ্চিতকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ইনস্টিটিউটে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীর অফিসে সময় মতো আগমন এবং অফিস চলাকালীন অবস্থান নিশ্চিত করতে হবে। | ইনস্টিটিউটে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারী। |
| ১০ | ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ তৈরী বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় সহকারী পরিচালক(গবেষণা) জানান যে, এ পর্যন্ত ৩৬৬৮ জন প্রশিক্ষণার্থীর ডাটাবেজ তৈরী করা হয়েছে। | ১। অবশিস্ট প্রশিক্ষণার্থীর ডাটাবেজ জানুয়ারী, ২০২৩ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। ইনস্টিটিউটের মূল ওয়েবসাইট হতে ডাটাবেজ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক(গবেষণা) |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৮.১২.২০২২
আবু তাহের মো: মাসুদ রানা
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন:-০২-২২৪৪২৬০৩০
ই-মেইল- dgshniyd@shniyd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.shniyd.gov.bd

স্মারক নং-৩৪.০৬.২৬৭২.০০০.০৬.০৪০.২১ - ১৪৪৬ তারিখ: ১৩ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ / ২৮ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব, যুব ও ক্রীড়া মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
০২। উপপরিচালক/সহকারী পরিচালক (সকল), শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০৩। হোস্টেল সুপারিনটেনডেন্ট/ফিজিক্যাল ইন্সট্রাক্টর, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০৫। অফিস কপি।

২৮.১২.২২
(শাহাব উদ্দিন সরকার)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন : ০২-২২৪৪২৬০৬৮
ই-মেইল : dydshahabsarkar@gmail.com